



জীবন বীমা কর্পোরেশন  
কর্মচারী প্রশাসন বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।



স্মারক নং- ৫৩.১৯.৯০০১.০০২.১১.০৫৭.১৯- ৫৫৭

তারিখঃ

০৬ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
২০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জীবন বীমা কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৬০৮তম সভার সিদ্ধান্ত ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কাজী মাহিব উদ্দিনকে নিম্নোক্ত শর্তানুসারে জীবন বীমা কর্পোরেশনে জুনিয়র অফিসার (প্রকৌশলী) পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর নাম	রোল নম্বর	পিতার নাম	ঠিকানা
১	কাজী মাহিব উদ্দিন জুনিয়র অফিসার (প্রকৌশলী)	১২০০০০০২৪	পিতা: কাজী মাস্টন উদ্দিন	গ্রাম: পূর্ব গোভনীয়া, ওয়ার্ড নং- ০৪ থান: মীরসরাই, জেলা: চট্টগ্রাম

শর্তসমূহ:

- জুনিয়র অফিসার (প্রকৌশলী) পদে এ নিয়োগ জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা- ১৯৯২ দ্বারা পরিচালিত হবে;
- নিয়োগ প্রাপ্তগণ ০৬(ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন। নিয়োগ স্থায়ীকরণ করা হবে না, যদি না-
  - সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করেন;
  - এতদুদ্দেশ্যে নির্ধারিত প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন; এবং
  - কর্পোরেশন কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন।
- বেতন স্কেল ও ভাতাদি:-
  - বেতন স্কেল : টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- , মূল বেতন টা: ১৬,০০০/- (ষোল হাজার টাকা)
  - অন্যান্য ভাতাদি : কর্পোরেশনের প্রচলিত নিয়ম অনুযায়ী।
- কর্পোরেশনের চাকুরি বাংলাদেশের যে কোন স্থানে বদলিযোগ্য।
- চাকরি স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত যে কোন পক্ষের ০১(এক) মাসের নোটিশে এ নিয়োগ বাতিল করা যেতে পারে। চাকরি স্থায়ীকরণ হলে যে কোন পক্ষের ০৩(তিন) মাসের নোটিশে এ নিয়োগ বাতিলযোগ্য।

চলমান পাতা- ২



জীবন বীমা কর্পোরেশন  
কর্মচারী প্রশাসন বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।



পাতা- ২

৬. কাজে যোগদানের সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

- (ক) সিভিল সার্জন/জীবন বীমা কর্পোরেশনের মনোনীত ডাক্তার কর্তৃক স্বাস্থ্যের সন্তোষজনক ডাক্তারি সনদপত্রসহ নিয়োগপ্রাপ্তগণ মাদক আসক্ত কিনা তা পরীক্ষার (ডোপ টেস্ট) সন্তোষজনক ডাক্তারী সনদপত্র ;
- (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র;
- (ঘ) সম্প্রতি তোলা ০৪(চার) কপি সত্যায়িত রজিন পাসপোর্ট সাইজের ছবি এবং আত্মীয় নহে কিন্তু সংশ্লিষ্টের সম্পর্কে তথ্য প্রদান করতে পারে এমন ১(এক)জন ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা বা যে কোন রাষ্ট্রীয়ত্ব প্রতিষ্ঠানে কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তা/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক প্রত্যয়নপত্র;

৭. নিয়োগ প্রাপ্ত কর্মকর্তার পারস্পরিক জ্যেষ্ঠতা জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা- ১৯৯২ অনুসরণে এ আদেশে উল্লিখিত তালিকার ক্রমানুযায়ী নির্ধারিত হবে;

৮. যোগদানের সময় দাখিলকৃত কাগজপত্র/সনদপত্র যাচাইয়ের পর সঠিক না পাওয়া গেলে এ নিয়োগ বাতিল করা হবে।

উপর্যুক্ত শর্তাবলীতে সম্মত থাকলে আগামী ০৪-০৭-২০২১খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপর্যুক্ত কাগজপত্রসহ ম্যানেজিং ডাইরেক্টর, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উল্লিখিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(সেখ কামাল হোসেন)

জেনারেল ম্যানেজার (প্রশাসন)

বিতরণ: কার্যার্থে:

০১. জুনিয়র অফিসার (প্রকৌশলী) পদে নিয়োগ প্রাপ্ত -

অনুলিপি:

০১. জেনারেল ম্যানেজার (সকল)-
০২. রিজিওনাল ইনচার্জ (সকল)-
০৩. সহকারী জেনারেল ম্যানেজার- অভ্যঃঅডিট/ গ্রুপ, প্রঃ কাঃ, ঢাকা।
০৪. সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৫. ইনচার্জ, কর্পোরেট সেবা দপ্তর (সকল)-
০৬. ম্যানেজার (সকল)- প্রঃ কাঃ, ঢাকা।
০৭. ম্যানেজিং ডাইরেক্টরের একান্ত সচিব। ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।